

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২ নভেম্বর, ২০১৭ ১৩:৪৫

মেয়র আনিসুলের শারীরিক অবস্থার উন্নতি, অন্য হাসপাতালে স্থানান্তর

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

শারীরিক অবস্থার উন্নতি হওয়ায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হককে আইসিইউ থেকে কেবিনে দেওয়া হয়েছে। তিনি স্বাভাবিকভাবেই শ্বাসপ্রশ্বাস নিতে ও কথা বলতে পারছেন। তবে দর্শনার্থীর ভিড় এড়ানো ও রিহ্যাবিলিটেশনের জন্য তাকে অন্য হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। আজ বৃহস্পতিবার মেয়র আনিসুল হকের পারিবারিক সূত্রে এ তথ্য জানা যায়।

মেয়েকে দেখতে গত ২৯ জুলাই সপরিবারে লন্ডনে যান আনিসুল হক। সেখানে অবস্থানকালে গত ১১ আগস্ট অসুস্থ হয়ে পড়েন তিনি। তখন থেকে লন্ডনেই চিকিৎসাধীন রয়েছেন তিনি।

বিডি প্রতিদিন/০২ নভেম্বর ২০১৭/এনায়েত করিম